

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাতার, ঢাকা  
[www.shniyd.gov.bd](http://www.shniyd.gov.bd)

বিষয়ঃ শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে আয়োজিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার রিপোর্টের প্রতিবেদন।

প্রধান অতিথি : জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা  
মহাপরিচালক, (অতিরিক্ত সচিব)  
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

সভাপতি : জনাব মোঃ রফিকুল ইসলাম  
রেজিস্ট্রার (যুগ্ম সচিব)  
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

তারিখ : ২৩ অক্টোবর, ২০২৩

সময় : সকাল ১০:০০টা

স্থান : শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের  
সম্মেলন কক্ষ

০২. উপস্থাপনাঃ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে গত ২৩ অক্টোবর ২০২৩ তারিখে অংশীজনের সভা অনুষ্ঠিত হয়। সভায় শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আবু তাহের মোঃ মাসুদ রানা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। উক্ত সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের রেজিস্ট্রার জনাব মোঃ রফিকুল ইসলাম। সভায় যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রতিনিধি, উদ্যোক্তা, প্রশিক্ষণার্থী, ইনস্টিটিউটের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে উক্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় গত সভার বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে বিশদ আলোচনা করা হয়। উক্ত সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল, তথ্য অধিকার আইন ২০০৯, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, সেবা প্রদান প্রতিশ্রুতি, ডি-নথি ব্যবস্থাপনা ও বিবিধ বিষয়ে আলোচনা করা হয়। এ ছাড়াও সভায় উপস্থিত প্রতিনিধি ও অংশীজনরা ইনস্টিটিউটের নানাবিধ বিষয় সম্পর্কে তাদের মতামত উপস্থাপন করেন। তাদের সকলের মতামতের ভিত্তিতে সভার সারসংক্ষেপ উপস্থাপিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৩. আলোচনাঃ

(১) জাতীয় শুদ্ধাচার কৌশলের প্রেক্ষাপট ও গুরুত্ব, (২) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ২০২৩-২৪ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা, (৩) তথ্য অধিকার আইন ২০০৯ এর যথাযথ বাস্তবায়ন, (৪) শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (GRS), (০৫) সেবা প্রদান প্রতিশ্রুতি, (০৬) ইনস্টিটিউটের সার্বিক পরিচ্ছন্নতা, কর্ম পরিবেশ উন্নয়ন ও প্রশিক্ষণের মানোন্নয়ন বিষয়ে সভায় আলোচনা করা হয়।

০৪. উন্মুক্ত আলোচনাঃ

অতঃপর সভায় অংশগ্রহণকারী অংশীজন উন্মুক্ত আলোচনায় অংশ গ্রহণ করেন এবং নিম্নবর্ণিতভাবে সুপারিশমালা পেশ করেনঃ

	কোর্সের নাম/সংগঠন	সুপারিশমালা
➤ অংশগ্রহণকারীর নাম	ডিপ্লোমা ইন আইসিটি	১. ইনস্টিটিউটের প্রশিক্ষণার্থী নির্বাচনে ই- মেইলের পাশাপাশি এসএমএস পদ্ধতি প্রবর্তন করার পক্ষে মতামত ব্যক্ত করেন।
➤ পার্থ প্রতিম বিশ্বাস	ডিপ্লোমা ইন আইসিটি	২. প্রশিক্ষণার্থী নির্বাচনে নির্বাচনী পরীক্ষায় অনলাইনে অংশগ্রহণ করা যেতে পারে।
➤ ইমাম হোসেন সৈকত	ডিপ্লোমা এন্ড ওয়েব এপ্লিকেশন	ডিপ্লোমা কোর্সে প্রশিক্ষণার্থী নির্বাচনী পরীক্ষায় অনলাইনে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।
➤ আফরিনা আক্তার	ফুড এন্ড ভেভারেজ প্রোডাকশন	অনলাইনে প্রকাশিত আবেদনে প্রশিক্ষণার্থীদের মোবাইল নম্বর

- মোঃ মেহেদী হাসান যুব সংগঠন
- শাহরিয়ার হোসেন ডিপ্লোমা এন্ড আইসিটি ইমন
- মোঃ রফিকুজ্জামান যুব উদ্যোক্তা

প্রদান না করার জন্য অনুরোধ করেন।  
প্রাথমিক চিকিৎসা ও নিত্য প্রয়োজনীয় কিছু প্রাথমিক ঔষধ রাখার জন্য অনুরোধ করেন।  
পুরুষ ও মহিলা হোস্টেলের বাথরুম এবং ট্যাংকি সমূহ নিয়মিত পরিষ্কার রাখার জন্য আহ্বান জানান।  
হোস্টেলে মশার উপদ্রব হ্রাস করার লক্ষ্যে ডেনের স্লাব মেরামতের অনুরোধ করেন।

#### ০৫.সমাপ্তি ঘোষণাঃ

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় এ সভার সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শারমিন আক্তার  
২৬.১০.২০২০

শারমিন আক্তার  
র্যাপোটিয়ার  
ও

সহকারী পরিচালক  
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট  
সাভার, ঢাকা